পটুাখালীতে বর্ণাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে উদযাপিত হলো জাতীয় যুব দিবস

written by Chandradip News24 | November 1, 2024

পটুয়াখালী প্রতিনিধি :: পটুাখালীতে জাতীয় যুব দিবসটি আজ শুক্রবার সকাল ১০ টায় বর্ণাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে শহরের সার্কিট হাউস চত্বরে বেলুন ও ফেস্টুন উড়িয়ে উদ্বোধন করেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক ও ভারপ্রাপ্ত জেলা প্রশাসক জুয়েল রানা।

অনুষ্ঠানের শুরুতে ডেঙ্গু প্রতিরোধ ও পরিবেশের সৌন্দর্য্য রক্ষায় একটি পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়। অভিযানের অংশ হিসেবে শহরের বিভিন্ন সড়ক ও অলিগলিতে বর্জ্য অপসারণ করা হয়। পরে একটি র্যালি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়। র্যালিতে বিভিন্ন সামাজিক সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, যুব সংগঠন এবং স্থানীয় প্রশাসনের কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

অতিরিক্ত জেলা প্রশাসক যাদব সরকারের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় “দক্ষ যুব গড়বে দেশ, বৈষম্যহীন বাংলাদেশ” প্রতিপাদ্য বিষয় নিয়ে আলোচনা হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ওবায়দুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আহমেদ মাঈনুল হাসানসহ প্রশিক্ষণপ্রাপ্ত যুব, আত্মকর্মী, যুব সংগঠক এবং বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধিরা সভায় বক্তব্য রাখেন। বক্তারা যুবকদের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি তাদের উন্নয়নমূলক কার্যক্রমে অংশগ্রহণের গুরুত্ব তুলে ধরেন।

অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা ও উপজেলা কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরে উপকারভোগীদের মধ্যে ঋণের চেক, প্রশিক্ষণ সনদ ও যাতায়াত ভাতা বিতরণ করা হয়। যুবকদের মধ্যে সঞ্চয়ের মাধ্যমে স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে ঋণ বিতরণ কার্যক্রম চলমান থাকবে।

এছাড়া, ভবিষ্যতে সুবিধাজনক সময়ে বৈষম্য বিরোধী আন্দোলনে নিহতদের স্মরণে ২৪টি গাছ লাগানো, জলাশয় পরিষ্কার এবং মাদক ও সন্ত্রাস বিরোধী সচেতনতামূলক সভা আয়োজনের পরিকল্পনা রয়েছে। এসব কার্যক্রম যুবদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ও সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে সহায়ক হবে বলে বক্তারা মনে করেন।